**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-11-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ভারত ৩৫৭ মিলিয়ন টন খাদ্য শস্য উৎপাদন করে একটি ঐতিহাসিক রেকর্ড স্থাপন করেছে- বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী |**

**(২) রাজ ভবন আগামীকাল থেকে লোক ভবন হিসাবে পরিচিত হবে।**

**(৩) জাতীয় স্কুল গেমসের দাবা প্রতিযোগিতার আসরে ব্যাক্তিগত সাফল্যের নিরিখে বালিকা বিভাগে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস ও আরাধ্যা দাস প্রথম দুটি স্থান লাভ করেছে।**

*****************************************************

**Maan ki Baat:**

ভারত ৩৫৭ মিলিয়ন টন খাদ্য শস্য উৎপাদন করে একটি ঐতিহাসিক রেকর্ড স্থাপন করেছে। ১০ বছর আগের তুলনায় ভারতের খাদ্যশস্য উৎপাদন ১০ কোটি টন বৃদ্ধি পেয়েছে।। আজ মন কি বাতের ১২৮ তম পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একথা বলেন।

###### PM-Krishi Byte######

প্রধানমন্ত্রী বলেন যে ভারত মধু উৎপাদনেও রেকর্ড তৈরি করেছে। ১১ বছর আগে দেশে মধুর উৎপাদন ৭৬ হাজার মেট্রিক টন ছিল এখন তা বৃদ্ধি পেয়ে দেড় লাখ মেট্রিক টনেরও বেশি হয়েছে। “হানি মিশন” যোজনার মাধ্যমে মধু উৎপাদন করে হাজার হাজার মানুষ জীবিকার নতুন সুযোগ পেয়েছে। প্রধানমন্ত্রী বলেন যে নাগাল্যান্ড-এর চোখলাঙ্গন গ্রামে খিয়ামনি ইয়াংগন

জনজাতি ক্লিফ হানি হান্টিং-এর মাধ্যমে মধু উৎপাদনের কাজ করে যাচ্ছে। দেশের যুবসমাজের দৃঢ় সংকল্পই বিকশিত ভারতের সবচেয়ে বড় শক্তি বলে প্রধানমন্ত্রী বলেন। দেশের সাম্প্রতিক বিভিন্ন উন্নয়ন যেমন হায়দ্রাবাদে দেশের বৃহত্তম লিপ ইঞ্জিন MRO সুবিধার উদ্বোধন, ভারতীয় নৌবাহিনীতে INS মাহের অন্তর্ভুক্তি, দেশের নতুন উদ্ভাবন যুবশক্তি এবং নতুন চিন্তার প্রমাণ দেয়। ক্রীড়া জগতেও ভারতের দ্রুত অগ্রগতির উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ভারত কমনওয়েলথ গেমসের আয়োজক দেশের দায়িত্ব পেয়েছে। এই প্রাপ্তি দেশ এবং সমগ্র দেশবাসীর। প্রধানমন্ত্রী বলেন যে 'ভোকাল ফল লোকালের' ভাবনাকে দেশের জনগণ দৈনন্দিন জীবনের অংশ করে নিয়েছেন। মানুষ স্বেচ্ছায় দেশে উৎপাদিত সামগ্রী বেছে নিচ্ছেন। আগামী কিছুদিনের মধ্যে বড়দিন এবং নববর্ষের কেনাকাটা নতুন উদ্যোমে শুরু হবে। এই সময়ে তিনি দেশের জনগণকে দেশে তৈরি জিনিসই কিনতে এবং দেশবাসীর পরিশ্রমযুক্ত জিনিস বিক্রয় করতে আবেদন জানান।

##### PM- Vocal for Local Byte #####

*****************************

**CM -Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত' আজ মান্দাই-এর দলীয় অফিসে বসে শুনলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা| তাঁর সঙ্গে ছিলেন প্রদেশ বিজেপি সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা সহ অন্যান্য কর্মকর্তারা।

*****************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পেশাদারিত্ব, সংবেদনশীলতা এবং প্রতিক্রিয়াশীলতা বৃদ্ধির মাধ্যমে পুলিশের প্রতি জনসাধারণের ধারণা, বিশেষ করে তরুণদের মধ্যে পরিবর্তনের জরুরি প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন।

আজ রায়পুরে পুলিশের মহাপরিচালক/মহাপরিদর্শকদের ৬০তম সর্বভারতীয় সম্মেলনে পৌরহিত্য করে প্রধানমন্ত্রী রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের পুলিশ এবং বৃহত্তর প্রশাসনকে জনবসতিহীন দ্বীপগুলিকে একীভূত করার জন্য উদ্ভাবনী কৌশল গ্রহণ করার নির্দেশ দিয়েছেন।

বিকশিত ভারত: নিরাপত্তার মাত্রা' শীর্ষক এই সম্মেলনে জাতীয় নিরাপত্তার বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

প্রধানমন্ত্রী গোয়েন্দা ব্যুরোর কর্মকর্তাদের মধ্যে বিশিষ্ট সেবার জন্য রাষ্ট্রপতির পুলিশ পদক বিতরণ করেন। তিনি নগর পুলিশিংয়ে সেরা পারফর্ম করা তিনটি শহরের মধ্যে পুরস্কারও প্রদান করেন।

*****************************

**All Party Meeting:**

সংসদের শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল থেকে। এর আগে আজ সংসদ ভবনে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের পৌরহিত্যে আয়োজিত এই বৈঠকে ৩৬টি রাজনৈতিক দলের ৫০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। বৈঠক শেষে সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজেজু বলেন, বৈঠক ইতিবাচক দৃষ্টিভঙ্গিতে সম্পন্ন হয়েছে। তিনি বলেন, সরকার সংসদের সকল রাজনৈতিক দলের নেতৃত্বদের কাছে সংসদের উভয় কক্ষের শীতকালীন অধিবেশন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সহযোগিতার আবেদন জানিয়েছেন। উল্লেখ্য, অধিবেশন চলবে আগামী ১৯শে ডিসেম্বর পর্যন্ত।

*****************************

**Raj Bhawan now Lok Bhawan :**

আগামীকাল থেকে রাজ ভবন, লোক ভবন হিসাবে পরিচিত হবে। রাজ ভবনের নাম বদলে লোক ভবন করা হয়েছে। রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু আজ রাজ ভবনে এক অনুষ্ঠানে এই ঘোষনা করেন। পরে সংবাদ মাধ্যমের কাছে রাজ্যপাল বলেন, গনতন্ত্রের প্রতি শ্রদ্ধা জানাতেই এই সিদ্ধান্ত। লোক ভবনে নির্দিষ্ট সময়ে সাধারন নাগরিকদের প্রবেশাধিকার থাকবে বলে তিনি জানান।

****************************

**Mobile Health Care Gov:**

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু আজ রাজভবনে এক অনুষ্ঠানে ধলাই ও দক্ষিণ জেলার ৭২ টি গ্রামে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে মোবাইল হেলথ কেয়ার ইউনিটের যাত্রার সূচনা করেন। আই আর সি ফাউন্ডেশনের সহযোগিতায় এবং সেবা ইন্টারন্যাশনালের উদ্যোগে এই মোবাইল হেলথ কেয়ার ধলাই ও দক্ষিণ ত্রিপুরা জেলার ৭২ টি গ্রামে প্রাথমিক স্বাস্থ্য সেবা, মাতৃ ও শিশুর যত্ন চিকিৎসা পরিষেবা, টেলিমেডিসিন সহায়তা এবং প্রয়োজনে রেফারের পরিষেবা প্রদান করবে।

অনুষ্ঠানে রাজ্যপাল পরামর্শ দেন যে সপ্তাহের নির্দিষ্ট দিনে যেন মোবাইল ভ্যানগুলো নির্দিষ্ট গ্রামে যায় এবং নিয়মিত পরিষেবা প্রদান করে|

****************************

**CM- Bordwali:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা আজ বিজেপি’র বড়দোয়ালী মন্ডল অফিস পরিদর্শন করেন।তিনি কর্মকর্তাদের সাথে এক সাংগঠনিক বৈঠকে বিভিন্ন বিষয়ে আলোচনা করেন|

****************************

**Minister Tinku Roy:**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন, গোটা রাজ্যের মোট দশটি স্থানে কর্মজীবী মহিলা হোস্টেল স্থাপন করা হচ্ছে। বর্তমান সরকারের আমলে রাজ্যে পরিকাঠামোগত উন্নয়ণ দ্রুতগতিতে চলছে। আজ বিকালে কুমারঘাটে ১০০ শয্যা বিশিষ্ট Working Women Hostel-এর শিলান্যাস করে তিনি একথা বলেন।এই হোস্টেল নির্মাণে ব্যয় হবে ১১কোটি ৪০ লক্ষ টাকা।

*****************************

**World Aids Day-CM:**

আগামীকাল বিশ্ব এইডস দিবস। রাজ্যেও এই দিনটি বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়। এই উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এক বার্তায় জানান, রাজ্য সরকার এইডস সংক্রমণ প্রতিরোধে এবং এর বিরুদ্ধে জনসচেতনতা বাড়াতে দায়বদ্ধতা নিয়ে কাজ করছে।

*****************************

**BSF blood donation:**

ডায়মন্ড জুবিলি ও বিএসএফ ডে উদযাপন উপলক্ষে আজ বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ার সদর দপ্তর শালবাগানে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি অলোক কুমার চক্রবর্তী শিবিরের উদ্বোধন করেন। শিবিরে ১০০ ইউনিট রক্ত সংগ্রহ করা হয।

*****************************

**Blood Donation DYFI/TYF:**

DYFI/TYF -এর আগরতলা অঞ্চল কমিটির উদ্যোগে আজ ছাত্র যুব ভবনে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী। শিবিরে ২৩ জন রক্তদান করেন।

*****************************

**BJP-BIJOY RALLY**:

বিজেপি গোমতী জেলা কমিটির উদ্যোগে আজ উদয়পুরে অনুষ্ঠিত হয় বিহার বিজয় সমাবেশ। উদয়পুর জামতলায় আয়োজিত এই সমাবেশে বক্তব্য রাখেন অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন তিন বিধায়ক রামপদ জমাতিয়া, জিতেন্দ্র মজুমদার ও অভিষেক দেবরায়, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিজেপি'র গোমতী জেলা সভাধিনেত্রী সবিতা নাগ প্রমুখ।

*****************************

**National School Chees:**

আগরতলায় আয়োজিত ৬৯ তম জাতীয় স্কুল গেমসের দাবা প্রতিযোগিতার বালক বিভাগে সিবিএসই ও বালিকা বিভাগে মহারাষ্ট্র চ্যাম্পিয়ন হয়েছে। আগরতলার এন এস আর সি সি-তে চারদিন ব্যাপী আসর আজ শেষ হয়েছে। আসরে ব্যাক্তিগত সাফল্যের নিরিখে বালিকা বিভাগে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস ও আরাধ্যা দাস প্রথম দুটি স্থান পায়। আজ বিকালে এক অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেয়া হয়।

*****************************

*****************************